গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
আইসিটি সেল

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজন (stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো. মনজুর হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ১১:৩০ ঘটিকা |
| স্থান | সেতু ভবনের অডিটোরিয়াম |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং তিনি বক্তব্যের শুরুতেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি পঁচাত্তরের ১৫ই আগস্ট কালরাতে ঘাতকের বুলেটে নির্মমভাবে নিহত বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব, বঙ্গবন্ধু পরিবারের সদস্যসহ সকল শহিদ, জেলখানায় হত্যাকান্ডের শিকার ৪ নেতাসহ মহান মুক্তিযুদ্ধের ৩০ লাখ শহিদ ও নির্যাতিত ২ লাখ মা বোনের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। । তারপর তিনি যুগ্মসচিব (প্রশাসন), সেতু বিভাগকে অংশীজন সভার কার্যক্রম শুরু করতে অনুরোধ জানান। যুগ্মসচিব (প্রশাসন) জানান, অদ্যকার অংশীজন সভায় ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প এবং ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ উপস্থিত আছেন। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন) উপস্থিত সকলকে স্ব স্ব পরিচিতি তুলে ধরার জন্য অনুরোধ করেন। পরিচিতি পর্বের পর তিনি সভার প্রেক্ষাপট বর্ণনা করে বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে কাজ করছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের (stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করে থাকে।

সভাপতির অনুরোধক্রমে যুগ্মসচিব (প্রশাসন), সেতু বিভাগ অংশীজনগণের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। এ পর্যায়ে সভাপতি সার্বিক বিষয়ে মতামত উপস্থাপন করার জন্য উপস্থিত অংশীজনের প্রতি আহ্বান জানান।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পে ভূমি অধিগ্রহণের কারণে ক্ষতিগ্রস্থ জনাব মো: আশিক উদ্দিন বলেন যে, উন্নয়ন প্রকল্পের ভূমি অধিগ্রহণের কারণে তারা ক্ষতিগ্রস্থ হয়েছেন। তাই তারা পুনর্বাসন ভিলেজ ফ্ল্যাট রেজিস্ট্রেশনের ক্ষেত্রে সিটি কর্পোরেশন ট্যাক্স এবং গেইন ট্যাক্স মওকুফের অনুরোধ জানান। | অন্য কোন উন্নয়ন প্রকল্পের পুনর্বাসন ভিলেজে বরাদ্দকৃত ফ্ল্যাট রেজিস্ট্রেশনের ক্ষেত্রে সিটি কর্পোরেশন ট্যাক্স এবং গেইন ট্যাক্স মওকুফ করা হয়েছে কিনা তা পর্যালোচনা করে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | পরিচালক (প্রশাসন) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |

| | | | |
|---|---|---|---|
| ০২ | ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পে ক্ষতিগ্রস্থ জনাব মাহবুবুর রহমান জানান যে, বরাদ্দকৃত ফ্ল্যাটের অভ্যন্তরীণ সাজসজ্জা এবং টাইলস পছন্দমত করার সুযোগ প্রদানের অনুরোধ করেন। | বরাদ্দকৃত ফ্ল্যাটের অভ্যন্তরীণ সাজসজ্জা এবং টাইলস পছন্দমত করার সুযোগ প্রদানের অনুরোধ করা হলো। | পরিচালক (প্রশাসন) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |
| ০৩ | ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পে ক্ষতিগ্রস্থ জনাব হুমাইয়া পারভিন বলেন যে, নাখাল পাড়ায় প্রকল্পভুক্ত জমি নিয়ে রেলপথ মন্ত্রণালয় পূর্বে মামলা করায় ক্ষতিগ্রস্থদের অনেকেই ক্ষতিপূরণ এবং পুনর্বাসনের অতিরিক্ত অর্থ উত্তোলন করতে পারছে না। | নাখাল পাড়ায় প্রকল্পভুক্ত জমি নিয়ে রেলপথ মন্ত্রণালয় পূর্বে মামলার বিষয়ে বিজ্ঞ আদালতের রায়ের আলোকে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। পরবর্তী অংশীজনের সভায় রেলপথ মন্ত্রণালয়ের প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করতে হবে। | পরিচালক (প্রশাসন) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প |
| ০৪ | ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ক্ষতিগ্রস্থ মিসেস সুরাইয়া পারভীন বলেন যে, পুনর্বাসন সংক্রান্ত অতিরিক্ত অর্থ প্রাপ্তির বিষয়ে সেতু বিভাগ হতে টেলিফোনের মাধ্যমে নিয়মিত যোগাযোগ করা হয় এবং টপ-আপ (অতিরিক্ত অর্থ) পেয়ে সন্তোষ প্রকাশ করেন। সেই সাথে পুনর্বাসন ভিলেজে ফ্ল্যাটগুলো গুচ্ছভাবে বরাদ্দের জন্য সভাপতিকে অনুরোধ করেন। পাশাপাশি কিস্তি পরিশোধের এক মাসের মধ্যে ফ্ল্যাট বুঝিয়ে দেওয়ার জন্য তিনি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষকে অনুরোধ করেন। | ফ্ল্যাটের পুরো অর্থ পরিশোধ করার পর এক মাসের মধ্যে ফ্ল্যাট বুঝিয়ে দিতে হবে। যদি দেওয়া না হয়, তাহলে জিআরএস সিস্টেমে অভিযোগ দাখিল করতে পরামর্শ দেয়া হয়। বিষয়টি তদারকির জন্য অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, সেতু বিভাগ |
| ০৫ | ঢাকা-আশুলিয়া এলিভেটেড প্রকল্পের ক্ষতিগ্রস্থ জনাব মো: রহিম বলেন যে, ভূমি অধিগ্রহণের টপ আপ এর টাকা তিনি পেয়েছেন, কিন্তু হোটেলের কোন ক্ষতিপূরণ পাননি মর্মে সভাপতি মহোদয়কে জানান। | ঢাকা-আশুলিয়া এলিভেটেড প্রকল্পের ক্ষতিগ্রস্থ জনাব মো: রহিমের উত্থাপিত হোটেলের টপ-আপ প্রদানের বিষয়টি যথাযথভাবে তদন্ত করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প পরিচালক ঢাকা - আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ক্ষতিগ্রস্থ জনাব মো: আব্দুল হাই বলেন যে, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ কাজ সম্পন্ন হলে রাজধানী ঢাকার যানজট বহুলাংশে হ্রাস পাবে। এজন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। ক্ষতিগ্রস্তদের জন্য ফ্ল্যাট বরাদ্দের কার্যক্রমকে সাধুবাদ জানিয়ে ফ্ল্যাটের কিস্তির টাকা সহনীয় পর্যায়ে রাখার জন্য অনুরোধ করেন।<br><br>ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের প্রকল্প পরিচালক এ এইচ এম এস আকতার বলেন যে, পুনর্বাসন ভিলেজে ভবন নির্মাণের জন্য ব্যবহৃত জমির মূল্য এবং টেন্ডারের চুক্তি মূল্য বিবেচনায় নিয়ে ফ্ল্যাটের মূল্য নির্ধারণ করা হয়েছে। পুনর্বাসন ভিলেজ এর রাস্তা, স্কুল, ক্লিনিক, মার্কেট এবং মসজিদ নির্মাণের জন্য ব্যয়িত অর্থ ফ্ল্যাটের মূল্য নির্ধারণের ক্ষেত্রে অন্তর্ভুক্ত করা হয়নি। তাই ফ্ল্যাটের মূল্য প্রকৃত বাজার মূল্যের চেয়ে সহনীয় পর্যায়ে রয়েছে। | ফ্ল্যাটের নির্ধারিত মূল্য প্রকৃত বাজার মূল্যের চেয়ে কম হওয়ায় তা বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ<br>২। প্রকল্প পরিচালক ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প |
| ০৭ | ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের ক্ষতিগ্রস্থ জনাব আবুল বাশার ভূঁইয়া জানান যে, সেপ্টেম্বর মাসে উদ্বোধনকৃত ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের বিমান বন্দর থেকে ফার্মগেট অংশ খুলে দেওয়ায় মাত্র ১০ মিনিটের মধ্যে বিমান বন্দর হতে তেজগাঁও ভ্রমণ করা সম্ভব হচ্ছে। এজন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের ভূমি অধিগ্রহণের স্থানগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ করেন। | ভূমি অধিগ্রহণের খালি স্থানগুলো ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাথে আলোচনা পূর্বক খেলার মাঠ, ওয়াকওয়ে, সাইকেল জোন নির্মাণের বিষয়ে পদক্ষেপ প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১। পরিচালক (প্রশাসন) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ<br>২। প্রকল্প পরিচালক ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প |
| ০৮ | ঢাকা-আশুলিয়া এলিভেটেড প্রকল্পের ক্ষতিগ্রস্থ জনাব মো: আবুল বারাকাত মসজিদের অজুখানা নির্মাণ করে দেওয়ার জন্য বাংলাদেশ সেতু কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। নামাজের সুবিধার্থে মসজিদটি সম্প্রসারণের জন্য তিনি অনুরোধ করেন। | সরকারের আওতাধীন নয় এমন জায়গা প্রাপ্তির ভিত্তিতে মসজিদ সম্প্রসারণের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প পরিচালক ঢাকা - আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প |

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো. মনজুর হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫০.০০.০০০০.২০১.৩৭.০৭৬.১৪.৪৮৭ তারিখ: ১৬ পৌষ ১৪৩০

৩১ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

২) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ , সেতু বিভাগ

৩) যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ , সেতু বিভাগ

৪) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ

৫) উপ-সচিব, বাজেট অধিশাখা, সেতু বিভাগ

৬) উপসচিব, উন্নয়ন অধিশাখা, সেতু বিভাগ

৭) প্রকল্প পরিচালক, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প

৮) প্রকল্প পরিচালক, সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প

৯) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

১০) একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)


১১) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১, সেতু বিভাগ

১২) প্রোগ্রামার, আইসিটি সেল, সেতু বিভাগ

১৩) প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

১৪) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সেতু বিভাগ

১৫) জনাব..............................................................................



সালমা খাতুন

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)